# হিসাববিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক-বিভাগ

১.▶ সবুজ ব্রাদর্সের

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ২৫,০০০ | ৯৫,০০০ |
| ২. | প্রত্যক্ষ ব্যয় ও প্রত্যক্ষ আয় | | ৬০,০০০ | ৮০,০০০ |
| ৩. | পরোক্ষ ব্যয় ও পরোক্ষ আয় | | ২০,০০০ | ৩০,০০০ |
| ৪. | অপরিচালন ব্যয় ও আয় | | ১০,০০০ | ২৫,০০০ |
| ৫. | চলতি সম্পদ ও চলতি দায় | | ৫০,০০০ | ৪০,০০০ |
| ৬. | স্থায়ী সম্পদ ও দীর্ঘমেয়াদি দায় | | ১,১৫,০০০ | ২০,০০০ |
| ৭. | ৫% বিনিয়োগ ও সাধারণ সঞ্চিতি (১-১-২০১৬) | | ২০,০০০ | ১০,০০০ |
| | | | ৩,০০,০০০ | ৩,০০,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা। ii. স্থায়ী সম্পদের ওপর অবচয় ধার্য ১০%। iii. বেতন বকেয়া ৩,০০০ টাকা। iv. পরিচালন আয় বকেয়া ১,০০০ টাকা।

ক. সবুজ ব্রাদার্সের মোট মুনাফা নির্ণয় করো। ২

খ. সবুজ ব্রাদার্সের নিট মুনাফা নির্ণয় করো। ৪

গ. সবুজ ব্রাদার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

২.▶ আবিদ এন্টারপ্রাইজের

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

Teachingbd.com

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৫২,০০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ১,৫০,০০০ | ৩,০০,০০০ |
| ৩. | উত্তোলন ও মূলধন | | ৯০,০০০ | ২,০০,০০০ |
| ৪. | দেনাদার ও পাওনাদার | | ৮২,০০০ | ৪২,০০০ |
| ৫. | অর্ন্তমুখী ফেরত | | ৪,০০০ | |
| ৬. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৬,০০০ | ১১,০০০ |
| ৭. | বাট্টা | | ৪,০০০ | ৩,০০০ |
| ৮. | কমিশন | | ১,০০০ | ৪০০ |
| ৯. | বেতন (১০ মাস) | | ২০,০০০ | |
| ১০. | বিবিধ স্থায়ী সম্পদ | | ১,০০,০০০ | |
| ১১. | অনাদায়ী পাওনা ও পাওনা সঞ্চিতি | | ৩,০০০ | ২,৬০০ |
| ১২. | হাতে নগদ | | ৪৫,০০০ | |
| ১৩. | কারবারি বাট্টা | | ৩,০০০ | ১,০০০ |
| | | | ৫,৬০,০০০ | ৫,৬০,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২০,০০০ টাকা এবং বাজারমূল্য ২২,০০০ টাকা। ii. মূলধনের ওপর ৪% সুদ ধরতে হবে। iii. দেনাদারের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। iv. স্থায়ী সম্পদের ৩% অবচয় ধরতে হবে।

ক. আবিদ এন্টারপ্রাইজের চলতি সম্পদের মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. আবিদ এন্টারপ্রাইজের নিট মুনাফার অনুপাত ও চলতি অনুপাত নির্ণয় করো। ৪

## খ-বিভাগ

৩. ▶ মি. মোর্শেদ-এর প্রতিষ্ঠানে ২০১৬ সালের জুন মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জুন | ১ | ৫০,০০০ টাকা নিয়ে কারবার শুরু। |
| " | ৫ | আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা। |
| " | ১০ | শিক্ষানবিশ ভাতা প্রদান ২,০০০ টাকা। |

http://teachingbd.com

" ১৫ ভাড়া প্রাপ্তি ২,০০০ টাকা।

" ৩০ বেতন প্রদান ১,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে সম্পদ-হ্রাসের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে হিসাবের মূল সমীকরণের E-এর পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

৪.▶ স্বর্ণা এন্টারপ্রাইজ একটি পাইকারি ব্যবসায়ের প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দুতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| মালিক কর্তৃক সরবরাহকৃত মূলধন | ৫০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ১৫,০০০ |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ২,০০০ |
| বিদ্যুৎ সংযোগ ব্যয় | ১৮,০০০ |
| বিজ্ঞাপন বাবদ DBC কে প্রদান | ২০,০০০ |
| প্রচারের জন্য সাইনবোর্ড খরচ | ৫,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৮,০০০ |
| একটি ডেলিভারি ভ্যান ক্রয় | ৬০,০০০ |
| ক্রয়কৃত ডেলিভারি ভ্যানের পরিবহন খরচ | ৩,০০০ |

ক. স্বর্ণা এন্টারপ্রাইজের বিজ্ঞাপন ব্যয়ের পরিমাণ কত? ২

খ. স্বর্ণা এন্টারপ্রাইজের মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয় নির্ণয় করো। ৪

গ. ক্রয়কৃত ডেলিভারি ভ্যানটি ২৫,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় আয় বা ক্ষতির পরিমাণ কত হবে? ৪

৫.▶ জনাব হাবিব একজন কাপড় ব্যবসায়ী। ২০১৬ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ:

ডিসে. ১ নগদ ২,০০,০০০ টাকা মূলধন স্বরূপ আনা হলো ব্যবসায়ে।

" ৩ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করা হলো।

" ১২ ২৫,০০০ টাকার কাপড় ক্রয় করা হলো।

" ২৪ কর্মচারী রানাকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা।

" ৩১ নগদে কমিশন প্রাপ্তি ৬,০০০ টাকা।

teachingbd.com

ক. ডিসেম্বর মাসে মোট নগদ প্রদানের পরিমাণ কত? ২

খ. উপরিউক্ত লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ করো। ৪

গ. সম্পদ বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি;
সম্পদে বৃদ্ধি ও দায় বৃদ্ধি;
সম্পদ বৃদ্ধি ও রেভিনিউ বৃদ্ধি;
সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি
এ অবস্থাগুলোর সাথে উপরিউক্ত লেনদেনগুলো মিল করো। ৪

৬.▶ ABC স্টোরস ২০১৬ সালের জুলাই মাসে নিম্নোক্ত পণ্য ক্রয়-বিক্রয় করে:

| | | |
|---|---|---|
| জুলাই | ২ | চৈতি জেনারেল স্টোরস, রাজশাহী থেকে ক্রয়। প্রতি বোতল ১৫০ টাকা দরে ১০০ বোতল হরলিক্স, কারবারি বাট্টা ১০%। পরিবহন খরচ ৭৫০ এবং বিমা সেলামি ২৫০ টাকা। চালান ২০৭। |
| " | ১৫ | হাজিগঞ্জের মোর্শেদ এন্ড সন্সের নিকট বিক্রয় প্রতি কেজি ২০ টাকা দরে ১০০ কেজি কোকো এবং প্রতি কৌটা ১০০ টাকা দরে ১০০ কৌটা হরলিক্স, চালান নং ৩১০। কারবারি বাট্টা ১০%। |
| " | ২৮ | কোয়ালিটি স্টোরস ফেনী হতে ক্রয় প্রতি কেজি ১২৫ টাকা দরে ১৫০ কেজি গুড়ো দুধ, প্রতি কেজি ১৫ টাকা দরে ২০০ কেজি আটা, কারবারি বাট্টা ১৫%। প্যাকিং খরচ ২৫০ টাকা। চালান নং ২১২। |

ক. ABC স্টোরস-এর ক্রয় সংক্রান্ত আনুসাঙ্গিক খরচ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ABC স্টোরস-এর বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ABC স্টোরস-এর ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

৭.▶ ২০১৭ সালের ১ জুলাই মি. আয়াত নগদ ২,০০,০০০ টাকা, ৩০,০০০ মূল্যের পণ্যদ্রব্য এবং ৭০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন। তার ব্যবসায়ের অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জুলাই | ৮ | পণ্য ক্রয় ২০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০%। |
| " | ১০ | উপভাড়াটিয়া হতে ভাড়া প্রাপ্তি ৫,০০০ টাকা। |
| " | ১২ | অগ্রিম বিমা সেলামি প্রদান ৮,০০০ টাকা। |
| " | ২০ | আয়কর প্রদান ১২,০০০ টাকা। |
| " | ২৮ | ব্যবসায়ের মালিক কর্তৃক নগদ অর্থ আনয়ন ৪০,০০০ টাকা। |
| " | ৩১ | চেকে আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা। |

http://teachingbd.com

ক. মাস শেষে মোট মূলধনের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেন হতে জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. উপর্যুক্ত লেনদেন হতে মূলধন হিসাব, নগদান হিসাব, আসববাপত্র ও উত্তোলন হিসাব প্রস্তুত করো। ৪

৮.▶ নিম্নলিখিত লেনদেনগুলো জনাব কামরানের ব্যবসায়ের হিসাব বই থেকে নেওয়া হয়েছে:

২০১৬

| | | |
|---|---|---|
| মে | ২ | হাতে নগদ ৬০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট ব্যালেন্স ৩০,০০০ টাকা। |
| " | ৪ | ব্যাংক জমাতিরিক্তের অর্ধেক ব্যাংকে জমা। |
| " | ৭ | ব্যাংক থেকে ব্যক্তিগত প্রয়োজনে ৮,০০০ টাকা এবং অফিসের জন্য ৫,০০০ টাকা উত্তোলন। |
| " | ৮ | সানুর কাছ থেকে ৪০,০০০ টাকার একটি চেক পেয়ে ব্যাংকে জমা দান। |
| " | ১২ | জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৭,০০০ টাকা। |
| " | ১৬ | বেতন ২০,০০০ টাকা যার মধ্যে চেকে প্রদান ৮,০০০ টাকা। |
| " | ২০ | মজুরি দৈনিক ২০ টাকা হারে ২৫ দিনের। |

ক. জনাব কামরানের উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মে ১৬ এবং ২০ তারিখের লেনদেন নিয়ে একটি ডেবিট ভাউচার তৈরি করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি দুঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৯.▶ মি. জহিরের ২০১৬ সালে ডিসেম্বর তারিখের কতিপয় খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ:

| ক্র. নং | হিসাবের নাম | টাকা |
|---|---|---|
| ১. | প্রাপ্য হিসাব | ৪৮,০০০ |
| ২. | মূলধন | ২৭,০০০ |
| ৩. | অগ্রিম ভাড়া | ৯,০০০ |
| ৪. | সেবা আয় | ৩৩,০০০ |
| ৫. | সাপ্লাইজ | ৩,৬০০ |
| ৬. | প্রদেয় হিসাব | ৫,০৫০ |
| ৭. | ভাড়া | ৩,০০০ |
| ৮. | অনুপার্জিত সেবা আয় | ১,৮৫০ |
| ৯. | অগ্রিম প্রচার খরচ | ২,৮০০ |
| ১০. | ব্যবহৃত সাপ্লাইজ | ৬০০ |
| ১১. | অফিস সরঞ্জাম | ৪৭,৬০০ |
| ১২. | ফার্ম স্থানান্তর ব্যয় | ৭,২০০ |
| ১৩. | ব্যাংক ঋণ | ১৩,০০০ |
| ১৪. | ঋণের সুদ | ১,৩০০ |

http://teachingbd.com

ক. উপরের তথ্য হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মি. জহিরের মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে মি. জহিরের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

১০.▶ একজন ফার্নিচার ব্যবসায়ী ১০০টি টেবিল তৈরি করতে নিম্নোক্ত খরচগুলো করেন:

| | |
|---|---|
| কাঠ ক্রয় | ৪০,০০০ টাকা |
| কাঠমিস্ত্রির মজুরি | ২০,০০০ টাকা |

কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ কাঁচামালের ৩০% অফিস উপরিব্যয় কারখানা উপরি ব্যয়ের ২০% এবং বিক্রয় উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ১০%। একটি টেবিল ৩০% লাভে বিক্রয় করা হলো।

ক. টেবিল তৈরির মুখ্য ব্যয় নির্ণয় করো। ২
খ. টেবিল তৈরির মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. প্রতিটি টেবিলের বিক্রয়মূল্য ও মুনাফা নির্ণয় করো। ৪

১১.▶ মি. নাফী একটি ব্যাংকে ৪৫,০০০ টাকা মাসিক বেতনে চাকরি করেন। এ কাজের বাইরেও তিনি একটি প্রাইভেট প্রশিক্ষণ কেন্দ্রে অপারেটর হিসাবে মাসিক ১৫,০০০ টাকা সম্মানি পান। ২০১৬ সালের ১ জানুয়ারি তার পরিবারের আর্থিক অবস্থা নিম্নরূপ:

হাতে নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ২,৫০,০০০ টাকা; ভূমি ও দালান ১৫,০০,০০০ টাকা; তৈজসপত্র ৫০,০০০ টাকা।

সারা বছর ব্যাপী তার পরিবারের লেনদেনসমূহ নিম্নরূপ:

খাদ্যসামগ্রী ক্রয় ৮০,০০০ টাকা; ঘরভাড়া ১,০০,০০০ টাকা; দৈনন্দিন খরচ ৪০,০০০ টাকা; টিভি ক্রয় ২০,০০০ টাকা; মুদি ও মনিহারি ১০,০০০ টাকা, অলংকারাদি ক্রয় ১,০০,০০০ টাকা; যাতায়াত খরচ ২০,০০০ টাকা; ডিপিএস এ জমা ১,০০,০০০ টাকা; সন্তানের স্কুল টিউশন ফি ৩০,০০০ টাকা এবং সমাপনী হাতে নগদ ২,৭০,০০০ টাকা।

**সমন্বয়সমূহ :** বকেয়া টিউশন ফি ১০,০০০ টাকা।

ক. মি. নাফীর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপরের তথ্যাদির ভিত্তিতে আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪
গ. মি. নাফীর পরিবারের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

Teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: ১ ৪ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ডেবিট শব্দের অর্থ কী?**

ক) বাম খ) ডান
গ) গ্রহীতা ঘ) দাতা

**২. হিসাব সমীকরণের মালিকানা স্বত্বকে কয়টি উপাদান প্রভাবিত করে?**

ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

**৩. অগ্রিম খরচ কী হবে?**

ক) সম্পদ খ) দায়
গ) মালিকানা স্বত্ব ঘ) ব্যয়

**৪. B/F বলতে কী বোঝায়?**

ক) Brought First
খ) Broaght Forwarding
গ) Brought Forward
ঘ) Bring Forward

**৫. পাওনাদার কোন শ্রেণির হিসাব?**

ক) দায় খ) সম্পদ
গ) আয় ঘ) ব্যয়

**উদ্দীপকটি পড়ো এবং ৬ - ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

সাথী এন্টারপ্রাইজ ৪,০০,০০০ টাকায় একটি পুরনো গাড়ি ক্রয় করে। ৫০,০০০ টাকা মূল্যের যন্ত্রাংশ সংযোজন করে গাড়িটি মেরামত করে। পরবর্তীতে গাড়িটি ৫,৫০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

**৬. সাথী এন্টারপ্রাইজের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত টাকা?**

ক) ৫০,০০০ খ) ৫,০০,০০০
গ) ৫,৫০,০০০ ঘ) ৬,০০,০০০

**৭. গাড়িটি বিক্রয়ের মুনাফা সাথী এন্টার প্রাইজের—**

ক) মূলধন জাতীয় প্রাপ্তি
খ) মূলধন জাতীয় আয়
গ) মুনাফাজাতীয় প্রাপ্তি
ঘ) মুনাফা জাতীয় আয়

**৮. সাথী এন্টারপ্রাইজের মুনাফা কত টাকা?**

ক) ২৫,০০০ খ) ৫০,০০০
গ) ৭৫,০০০ ঘ) ১,০০,০০০

**৯. মুনাফা জাতীয় লেনদেন মূলধন জাতীয় লেনদেন হিসাবে লিপিবদ্ধ করা কোন ধরনের ভুল?**

ক) পরিপূরক খ) নীতিগত
গ) বেদাখিলার
ঘ) লিখার

**১০. কোন নীতিতে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়—**

ক) ব্যবসায়িক সত্তা
খ) ক্রয়মূল্য
গ) হিসাবকাল ধারণা
ঘ) রক্ষণশীলতা

**১১. প্রত্যক্ষ খরচ কোনটি?**

ক) ডক চার্জ
খ) ব্যাংক চার্জ
গ) রপ্তানি শুল্ক
ঘ) বিক্রয় পরিবহন

**১২. কোনটি বিক্রয় উপরিব্যয়?**

ক) টেলিফোন বিল
খ) বিজ্ঞাপন
গ) মনিহারি
ঘ) অফিসের ভাড়া

**১৩. 'পারিবারিক তহবিল' আর্থিক অবস্থার বিবরণীতে কী হিসাবে দেখানো হয়?**

ক) সম্পদ খ) দায়
গ) আয় ঘ) ব্যয়

**১৪. ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী—**

i. কর্মকর্তা-কর্মচারী
ii. মালিক ও ব্যবস্থাপক
iii. হিসাব নিরীক্ষক

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. ব্যবসায়ের সম্পদের ওপর তৃতীয় পক্ষের দাবি কী?**

ক) দায় খ) সম্পদ
গ) আয় ঘ) মালিকানা স্বত্ব

Teachingbd.com

১৬. রেওয়ামিলে আসে না—
i. সম্ভাব্য দায় ও সম্পদ
ii. সমাপনী মজুদ পণ্য
iii. প্রারম্ভিক ব্যাংক জমা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৭. **স্ট্যাপলার ও ক্যালকুলেটরের জন্য কোন হিসাব খোলা হয়?**
ক) অফিস সরঞ্জাম খ) মনিহারি
গ) অফিস সাপ্লাইজ ঘ) যন্ত্রপাতি

১৮. **পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?**
ক) বিবরণী খ) তালিকা
গ) বাজেট ঘ) মূল্যতালিকা

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
২০১৪ সালের ২,২০০ টাকাসহ ২০১৫ সালে ভাড়া পাওয়া গেল, ৫,০০০ টাকা। যার মধ্যে ২০১৬ সালের ভাড়া বাবদ প্রাপ্তি ৮০০ টাকা।

১৯. **মুনাফা জাতীয় আয়ের পরিমাণ কত টাকা?**
ক) ২,০০০ খ) ৩,০০০
গ) ৫,০০০ ঘ) ৫,৮০০

২০. **উদ্দীপকের আয়টি—**
i. নিয়মিত আদায় হয়
ii. অনিয়মিত আদায় হয়
iii. নির্দিষ্ট সময়ের মধ্যে উপযোগিতা শেষ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. **উৎপাদন প্রতিষ্ঠানের প্রত্যক্ষ খরচ হলো—**
i. পরিবহন
ii. বিমা
iii. কুলির মজুরি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. **লাবিবার নিকট থেকে ১,২০০ টাকা দরে ৫০ পিস শাড়ি ক্রয়; কারবারি বাট্টা ১২%। এখানে কারবারি বাট্টার পরিমাণ কত টাকা?**
ক) ৬,০০০ খ) ৬,২০০
গ) ৭,০০০ ঘ) ৭,২০০

২৩. **নির্দিষ্ট সময়ের শেষ তারিখে কী নির্ণয় করা হয়?**
ক) B/O খ) C/D
গ) B/F ঘ) F/B

২৪. **চালান প্রস্তুত করে—**
ক) ক্রেতা খ) বিক্রেতা
গ) পাওনাদার ঘ) দেনাদার

২৫. **হিসাববিজ্ঞানের জনক কে?**
ক) এ ডব্লিউ জনসন
খ) ফ্রান্সিস ডব্লিউ পিক্সলি
গ) লুকা প্যাসিওলি
ঘ) আর এন কার্টার

২৬. **লেনদেন হতে পারে—**
i. অদৃশ্যমান
ii. দৃশ্যমান
iii. ঐতিহাসিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. **লেনদেন শব্দটির আভিধানিক অর্থ কী?**
ক) গ্রহণ ও প্রদান
খ) সুবিধা ও অসুবিধা
গ) সম্পদ ও দায়
ঘ) আয় ও ব্যয়

২৮. **দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কত খ্রিস্টাব্দ?**
ক) ১৪৯৪ খ) ১৪৯০
গ) ১৯৯৪ ঘ) ১৪৯৯

২৯. **মূলধন জাতীয় ব্যয় কী নির্দেশ করে?**
ক) দেনা খ) সম্পদ
গ) নিট আয় ঘ) মোট ব্যয়

৩০. **কোনটি সংরক্ষণ করা বাধ্যতামূলক?**
ক) জাবেদা
খ) খতিয়ান
গ) রেওয়ামিল
ঘ) কার্যপত্র

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |

http://teachingbd.com